

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর
খন্দকার কমপ্লেক্স, নলজানী, জয়দেবপুর রোড, গাজীপুর
www.gazipurvat.gov.bd
[মুসক সুবিধা ও ভ্যাট অব্যাহতি মনিটরিং শাখা]

নথি নং-০৮.০১.৩৩০০.০৩৭.০১২.০১.০৫৩৫.২৬.

তারিখ: ১০.২০২৬ খ্রি।

আদেশ

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মুসক, তারিখ-১৩/০৬/২০১৯ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মুসক/২০১৯, তাং-২৬/০৯/২০১৯ খ্রিঃ অনুযায়ী ক্যাজুয়াল গার্মেন্টস লিমিটেড, (মুসক নিবন্ধন নম্বর: ০০৪৩৩৯৯৮৬-১২০২; ঠিকানা: ৪৮/৩, কবি জসিম উদ্দিন রোড, পেগার, টঙ্গী, গাজীপুর) নামীয় প্রতিষ্ঠানটি রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাঁদের প্রতিষ্ঠানের রপ্তানী কাজে ব্যবহৃত গ্যাস মিটার নং-৮০১৫০৭৭৬ এবং মিটার নং-৮০১৫০৯৬২ এর উপর নির্ধারিত হারে মূল্য সংযোজন কর (মুসক) অব্যাহতি চেয়ে এ দপ্তরে আবেদন করে। উক্ত প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী আবেদনপত্রে বর্ণিত বিষয়টি বিবেচনাযোগ্য কি-না তা সনাক্ত করে তদন্ত/পরীক্ষা করে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য সমনথির পত্র নং-২২০৮(১-৪), তারিখ: ১৫.০৯.২০২৬ খ্রিঃ এর মাধ্যমে মিজ সামিয়া নিশাত, সহকারী কমিশনার, জনাব মোঃ জাকির হোসেন, রাজস্ব কর্মকর্তা এবং জনাব দীপন পাল, সহকারী রাজস্ব কর্মকর্তা; এর সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

২। তদন্ত কমিটি গত ০৫.১০.২০২৬ খ্রিঃ তারিখ আলোচ্য প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করে এবং ১৩.১০.২০২৬ খ্রিঃ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করে। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, ফেব্রুয়ারি/২৫ থেকে জুলাই/২৬ করমেয়াদ পর্যন্ত সময়ে উৎসে মুসক বাবদ মোট ৯,৬৩,৬১৬.০০/- (নয় লক্ষ ত্রিষষ্টি হাজার ছয়শত ষোল) টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করেছে এবং প্রতিষ্ঠানটি নিয়মিত দাখিলপত্র দাখিল করে। এছাড়া, প্রতিষ্ঠানটির রপ্তানীর বিপরীতে ০১.১২.২০২৫ খ্রিঃ থেকে ৩০.০৪.২০২৬ খ্রিঃ পর্যন্ত সময়ে মোট রপ্তানিকৃত বৈদেশিক মুদ্রার পরিমাণ ৬,৬৭,৬৭৩.২০ মার্কিন ডলার। পরিশেষে তদন্ত দল উল্লিখিত টেবিলে বর্ণিত গ্যাস বিলের উপর অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মুসক, তারিখ-১৩/০৬/২০১৯ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মুসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রিঃ অনুযায়ী নির্ধারিত হারে অব্যাহতি দেয়া যেতে পারে মর্মে সুপারিশ প্রদান করেছেন।

৩। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে প্রদত্ত মতামতের ভিত্তিতে এবং সংশ্লিষ্ট প্রজ্ঞাপন অনুযায়ী ক্যাজুয়াল গার্মেন্টস লিমিটেড, (মুসক নিবন্ধন নম্বর: ০০৪৩৩৯৯৮৬-১২০২; ঠিকানা: ৪৮/৩, কবি জসিম উদ্দিন রোড, পেগার, টঙ্গী, গাজীপুর) নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মুসক) অনুচ্ছেদ-০৪ এ বর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো:-

টেবিল

শিরোনামা সংখ্যা	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড	পণ্য/সেবার বিবরণ	মিটার নম্বর	গ্রাহক সংকেত নম্বর	মূল্য সংযোজন কর (মুসক) অব্যাহতির হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
২৭.১১	২৭১১.২১.০০	প্রাকৃতিক গ্যাস	৮০১৫০৭৭৬	৩-০৩-০০০৫৮০-০০-০৫-০	১০০%
			৮০১৫০৯৬২	৮-০৩-০০০৫৬৮-০০-০৫-৪	

৪। শর্তসমূহ

ক. মুসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মুসক দাখিলপত্রের (ফরম মুসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মুসক সংশ্লিষ্ট তথ্য পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাভাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

খ. স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠানের তথ্য বিবরণী পরিশিষ্ট-খ এ বর্ণিত ছকে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন;

গ. বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মূল্যক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাভাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পেলে উক্ত অসামঞ্জস্যতা এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ তুনানীর সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করলে কমিশনার প্রয়োজনে তুনানী গ্রহণপূর্বক তা বাতিল করতে পারবেন;

ঘ. টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে বা অত্র আদেশে বর্ণিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে এ দপ্তরকে অবিলম্বে তা অবহিত করে সংশোধনী আদেশ গ্রহণ করতে হবে; এবং

ঙ. এ আদেশ স্বাক্ষর, ২০২৬ খ্রিঃ মাসের বিল হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাঃ

একেএম নুরুল হুদা আজাদ

কমিশনার

ই-মেইল: cc.gazipurvat@nbr.gov.bd

নথি নং-০৮.০১.৩৩০০.০৩৭.০১২.০১.০৫৩৫.২৬.২৫২৬ (০-৮)

তারিখ: ১৬.১০.২০২৬ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক, স্কস রেয়াত ও প্রত্যাৰ্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।
- ২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, টঙ্গী। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ২০/মসক/২০১৯, তারিখ-২৬/০৯/২০১৯ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩, ৪ ও ৫ মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য এবং নির্দেশ অনুযায়ী প্রতি মাসের একটি সমন্বিত প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য অনুরোধ করা হলো।
- ৩। দ্বিতীয় সচিব (মসক বাস্তবায়ন পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোং লিঃ, প্রধান কার্যালয়, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।
- ৫। ম্যানেজার, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোং লিমিটেড, (জোবিঅ), টঙ্গী।
- ৬। সহকারী প্রোগ্রামার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর (তাকে ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, টঙ্গী সার্কেল। তাকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনীয় মনিটরিং এর ব্যর্থতার জন্য রাজস্ব কর্মকর্তা ও এলাকা কর্মকর্তা দায়ী থাকবেন।
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, ক্যাজুয়াল গার্মেন্টস লিমিটেড, (মসক নিবন্ধন নম্বর: ০০৪৩৩৯৯৮৬-১২০২; ঠিকানা: ৪৮/৩, কবি জসিম উদ্দিন রোড, পেগার, টঙ্গী, গাজীপুর)।

13.10.26

সামিয়া নিশাত

সহকারী কমিশনার।